

ঘরে পড়ার হার কমছে

২৬ মে ২০১৯ ০০:০০

আপডেট: ২৬ মে ২০১৯ ০৯:১৬



মাধ্যমিক স্তরে ঘরে পড়ার হার এখনো কাস্তিক্ষত পর্যায়ে নামিয়ে আনা যায়নি। তবে সরকারের নানাবিধ উদ্যোগের ফলে অনেক উন্নতি হচ্ছে। ঘরে পড়ার হার কমছে। এ সংখ্যা আরও কমিয়ে আনার চেষ্টা অব্যাহত থাকবে।

গতকাল আমাদের সময়ের সঙ্গে আলাপকালে এ কথা জানান মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক। তিনি বলেন, নতুন কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। যারা মাধ্যমিক পর্যন্ত লেখাপড়া করে বারে যায়, তারা যেন অন্তত একটা বিষয়ে দক্ষতা অর্জন করতে পারে, সেই ব্যবস্থা নেওয়া হচ্ছে। ৬ষ্ঠ শ্রেণি থেকেই কারিগরি ট্রেডকোর্স চালু করার চিন্তা করছে সরকার।

গোলাম ফারুক বলেন, শিক্ষায় অধিক ব্যয়ের অভিযোগ ঠিক নয়। অনেক দেশের চেয়ে আমাদের শিক্ষায় ব্যয় অনেক কম। হয়ত ইংরেজি মাধ্যম বেশি ব্যয় হতে পারে। সেটি তো সবার জন্য নয়। যারা ব্যয়ভার বহন করতে সক্ষম, তারাই যাবে এ ধারায়। তিনি বলেন, সরকারি স্কুলে কম বেতন, বৃত্তি, উপবৃত্তি প্রদান করা হচ্ছে। বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হচ্ছে। এসবের কারণে এখন শিক্ষায় প্রবেশের হার অনেক বেড়েছে। তবে এটি ধরে রাখাটা জরুরি।

তিনি আরও বলেন, তবে এটিও সত্য সবাই উচ্চশিক্ষা নেবে না। সবাই কলেজে ভর্তি হবে না। বছর বছর নানাবিধি কারণে স্কুল ছেড়ে যায় অনেক শিক্ষার্থী। একটা সময়ে মেয়েদের ঘরে পড়ার হার বেশি ছিল। এখন উল্টো হয়েছে। ছেলেরা স্কুল ছাড়ছে বেশি।